

ফাতওয়া নম্বর: ৫৩১

প্রকাশকাল: ২৮-০২-২০২৫ ইং

## ক্রিসমাস উপলক্ষে দেওয়া বোনাসের বিধান

**প্রশ্ন:**

আমি বিদেশি এক কোম্পানিতে ফ্রিল্যান্সিং করি। কোম্পানির মালিক খ্রিস্টান। সামনে তাদের ধর্মীয় উৎসব ক্রিসমাস। এ উপলক্ষে সে আমাকে নির্ধারিত বেতনের সঙ্গে বোনাসও দিতে পারে। জানার বিষয় হলো, যদি দেয় তাহলে তা গ্রহণ করা কি বৈধ হবে?

**উত্তর:**

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله وسلام على عباده الذين اصطفى، أما بعد

প্রশ্নোক্ত সুরতে ক্রিসমাস উপলক্ষে বেতনের সাথে বোনাস দিলে তা গ্রহণ করা আপনার জন্য নাজায়েয হবে না। তবে ক্রিসমাসহ কাফেরদের সব ধরনের ধর্মীয় উৎসবে শরীক হওয়া হারাম। তাদের উৎসব উদযাপনে শরীক হওয়া ব্যতীত শুধু বোনাস গ্রহণ করলে তাতে কোনো সমস্যা নেই।

**দেখুন:**

[ফাতওয়া নং ৪০৫ - পূজা উপলক্ষে প্রাপ্ত উপহার ও খাবার গ্রহণের বিধান](#)

[ফাতওয়া নং ১৪৬ – হিন্দুদের পূজায় কি অংশগ্রহণ করা যাবে?](#)

উল্লেখ্য, ফ্রিল্যান্সিং একটি সন্দেহজনক পেশা। তা হালাল হওয়ার জন্য কিছু শর্ত মেনে চলতে হবে। এ ব্যাপারে দেখুন:

[ফাতওয়া নং ৬৭ – মিউজিকযুক্ত ভিডিও তৈরি করে উপার্জিত অর্থ কি হালাল?](#)

فقط، والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১৩-০৮-১৪৪৬ হি.

১৩-০২-১০২৫ ঈ.

